



Leather Goods And Footwear Manufacturers & Exporters Association of Bangladesh

সূত্র: এলএফএমইএবি/১৮তম এজিএম/প্রেস বিজ্ঞপ্তি/১১/২০২২

তারিখ: শনিবার, ১২ ই মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

এলএফএমইএবি-এর ১৮তম এজিএম অনুষ্ঠিত

জুলাই ২০২০-জুন ২০২১ অর্থ বছরের জন্য লেদারগুডস অ্যান্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অফ বাংলাদেশ (এলএফএমইএবি)-এর ১৮তম বার্ষিক সাধারণ সভা গত শনিবার, ১২ ই মার্চ ২০২২ তারিখে দুপুর ১২টায় মেট্রোপলিটন চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) এর সম্মেলন কক্ষে সভাপতি জনাব মোহাম্মদ সাইফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সিনিয়র সহ-সভাপতি, জনাব আব্দুল মোমেন ভূঁইয়া; সহ-সভাপতি, জনাব মোঃ নাজমুল হাসান সোহেল, সহ-সভাপতি, জনাব নাসির খান; পরিচালক, জনাব এম. আনিসুর রাজ্জাক, সদ্য নির্বাচিত সভাপতি জনাব সৈয়দ নাসিম মঞ্জুর এবং এলএফএমইএবি-এর সদস্য কারখানার চেয়ারপারসন ও ব্যবস্থাপনা পরিচালকগণ অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন।

সভাপতি সাইফুল ইসলাম অর্থবছরের জুলাই ২০২০ জুন- ২০২১ এর বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন। সভাপতি প্রতিবেদনে জাতীয় ও আন্তর্জাতিক অর্থনীতির চিত্র, এসোসিয়েশনের বাস্তবায়িত বড় উদ্যোগসমূহ ও আর্থিক অবস্থার সংক্ষিপ্তসার তুলে ধরেন এবং পরিশেষে এলএফএমইএবি সদস্যদের উন্নতি এবং সেস্টরের অগ্রগতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলো ও ভবিষ্যত গতিধারা সম্পর্কে মন্তব্য করেন। তিনি বলেন, চামড়া খাত থেকে রপ্তানি আয় জুলাই ২০২০-জুন ২০২১ অর্থবছরে ১৮.০৬% বৃদ্ধি পেয়েছে। চামড়া ও চামড়াজাত পণ্য (এইচএস কোড ৪১-৪৩ এবং ৬৪০৩) থেকে ৯৪১.৬৭ মিলিয়ন মার্কিন ডলার এবং চামড়া ও চামড়াজাত পণ্য এবং অন্যান্য পাদুকা একসঙ্গে ১২৮৬ মিলিয়ন মার্কিন ডলার রপ্তানি করেছে। সভাপতি মনে করেন যে উপযুক্ত এবং কার্যকর নীতি সহায়তা বাস্তবায়নের মাধ্যমে খাতটি ২০২৪ সালের মধ্যে ২.৪ বিলিয়ন মার্কিন ডলারের রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবে, যা জাতীয় রপ্তানি নীতি ২০২১-২০২৪ এর সাথে সামঞ্জস্যপূর্ণ।

সাধারণ সভায় জুলাই ২০২০-জুন ২০২১ অর্থবছরের এলএফএমইএবি-এর অডিট রিপোর্ট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ সময় তিনি সমিতির নতুন ১০ সদস্যকে স্বাগত জানান।

সভাপতি মন্তব্য করেছেন যে অর্থনৈতিক পুনরুদ্ধার ধীর সহ বিভিন্ন কারণে ২০২২এর পূর্বাভাস খুবই অনিশ্চিত রয়ে গেছে। রপ্তানির ক্রমবর্ধমান প্রবণতা সত্ত্বেও, রপ্তানিকারকরা ব্যাপক সাপ্লাই চেইন ব্যাঘাত, শিপিং খরচের অকল্পনীয় বৃদ্ধি এবং প্রায় সমস্ত কাঁচামালের দাম বৃদ্ধির কারণে চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে।

সভাপতি আরও বলেন, গেল অর্থবছরে বিভিন্ন চ্যালেঞ্জ সত্ত্বেও, বিশেষত কোভিড মহামারীর প্রেক্ষাপটে, শিল্পটি তার স্থিতিস্থাপকতা (resilience) দেখিয়েছে। অভূতপূর্ব ব্যবসায়িক বিপর্যয়ের পাশাপাশি উৎপাদন ক্ষমতার কম ব্যবহার সত্ত্বেও, বেশিরভাগ এলএফএমইএবি সদস্য কারখানা তাদের পূর্ণ কর্মশক্তি ধরে রেখেছে, যা নিঃসন্দেহে সমাজের জন্য একটি অবিশ্বাস্য অবদান রেখেছে।

পরে, বিদায়ী সভাপতি জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম সভাকে জানান যে এলএফএমইএবি-এর বর্তমান সভাপতি পদের নৈমিত্তিক শূন্যপদ হয়েছে এবং সভাকে অবহিত করেন যে বৃহস্পতিবার, ১৭ ফেব্রুয়ারী ২০২২ তারিখ



Leathergoods And Footwear Manufacturers & Exporters Association of Bangladesh

বিকাল ৫ টায় এলএফএমইএবি'র বোর্ড কক্ষে এলএফএমইএবি-এর কার্যনির্বাহী কমিটির অনুষ্ঠিত ১০১তম সভায় নির্বাহী কমিটিতে অ্যাপেক্স ফুটওয়্যার লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সৈয়দ নাসিম মঞ্জুর কে কার্যনির্বাহী কমিটিতে কো-অপ্ট করা হয় এবং বিধিবদ্ধ প্রয়োজনীয়তা অনুসরণ করে কার্যনির্বাহী কমিটি সর্বসম্মতিক্রমে সৈয়দ নাসিম মঞ্জুরকে এলএফএমইএবি-এর সভাপতি নির্বাচিত করেন। এলএফএমইএবি এর ১৮তম সাধারণ সভায় উপস্থিত সকলে সর্বসম্মতিক্রমে এটি অনুমোদন করেন। এ সময় উপস্থিত সকলে বিদায়ী সভাপতি জনাব মোহাম্মদ সায়ফুলকে তার মেয়াদে অসামান্য সাফল্য অর্জনের জন্য তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। ওই সময় উপস্থিত সকলে সদ্য নির্বাচিত সভাপতি জনাব সৈয়দ নাসিম মঞ্জুরকে স্বাগত জানায় এবং তাকে সর্বাঙ্গিক সহায়তার আশ্বাস দেয়।

নতুন সভাপতি জনাব সৈয়দ নাসিম মঞ্জুর তাঁর স্বাগত বক্তব্যে বাজার বৈচিত্র্যের ওপর জোর দেন। তিনি বলেন, বিশেষ করে মার্কিন বাজারে বাংলাদেশের চামড়াজাত পণ্য এবং চামড়া ও সিনথেটিক পাদুকা রপ্তানি শিল্পের উচ্চ প্রবৃদ্ধির সম্ভাবনা রয়েছে। তিনি ২০২১ সালে যুক্তরাষ্ট্রের বাজারে রেকর্ড ১০০.৭ বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছানোর জুতার ভোক্তাদের চাহিদা উল্লেখ করেন এবং তিনি রপ্তানিকারকদের মার্কিন যুক্তরাষ্ট্রের বাজারে বৃদ্ধির সুযোগের দিকে মনোনিবেশ করার আহ্বান জানান। নতুন সভাপতি আরও মন্তব্য করেন যে মার্কিন যুক্তরাষ্ট্রের শীর্ষস্থানীয় ব্র্যান্ডগুলি এখনই সোর্সিংয়ের জন্য বাংলাদেশের দিকে তাকিয়ে আছে তবে আমাদের শেয়ার ক্যাপচার করার ক্ষমতা আমাদের নিজস্ব প্রস্তুতির স্তর, বাজারের গতি এবং প্রতিযোগিতার উপর নির্ভর করবে।